

(প্রেস বিজ্ঞপ্তি)

০৬ ফেব্রুয়ারি ২০২২

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

বাংলায় সাইনবোর্ড না লেখায়

৮ ব্যবসা প্রতিষ্ঠানকে সাড়ে ২২ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে নাসিরাবাদ সিডিএ এভিনিউ এলাকায় নির্দেশনা মোতাবেক ব্যবসা প্রতিষ্ঠানের সাইনবোর্ড বাংলায় না লেখায় দি সিরিয়াল জিলারকে ৭ হাজার টাকা, ভি আই পি ইলেক্ট্রনিক্সকে ৫ হাজার টাকা, লিগ্যাসী ফার্ণিচারকে ২ হাজার টাকা, রাইজকে ১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই অভিযানে পোর্ট কানেক্টিং রোডের বড়পুল এলাকার সিঙ্গার প্লাসকে ৩ হাজার টাকা, অনিকর্ন লিমিটেডকে ২ হাজার টাকা, এক্সেস রোডের ব্রাইট স্টার লাইটিংকে ২ হাজার টাকা ও স্টার রিফ্রাইজেশনকে ৫শত টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করে।

সংরক্ষিত কাউন্সিলর জেসি'র

মাতার মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংরক্ষিত কাউন্সিলর জেসমিন পারভীন জেসির মাতা ও টিএন্ডটির সাবেক চট্টগ্রাম বিভাগীয় প্রকৌশলী মরহুম ইঞ্জিনিয়ার মমতাজুল করিমের সহধর্মিণী, স্বাধীনতা পরবর্তী সাবেক চট্টগ্রাম জেলা শিক্ষা অফিসার মরহুম আলী আহম্মেদের ৩য় কন্যা বেগম নুরনুন্নাহার করিম'র মৃত্যুতে শোক প্রকাশ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। তিনি মরহুমার রুহের মাগফেরাত কামনা এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩